

যুগ্মত্য

বাকুবিতে ছাত্র নির্যাতনের ঘটনায় তদন্ত কমিটি

প্রকাশ : ০৭ আগস্ট ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



বাকুবি প্রতিনিধি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাকুবি) হল ছাত্রলীগের সভাপতিকে সালাম না দেয়ার অভিযোগে এক শিক্ষার্থীকে রাতভর নির্যাতনের ঘটনায় তিনি সদস্যবিশিষ্ট তদন্ত কমিটি গঠন করেছে প্রশাসন। মঙ্গলবার ভারপ্রাপ্ত রেজিস্ট্রার সাইফুল ইসলাম স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

তদন্ত কমিটির আহ্বায়ক হিসেবে আছেন ফসল উদ্ভিদ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. একেএম জাকির হোসেন, সদস্য-সচিব হিসেবে আছেন সহকারী প্রেস্টের অধ্যাপক ড. চয়ন গোস্বামী। এছাড়াও তদন্ত কমিটিতে সদস্য হিসেবে রাখা হয়েছে সহযোগী ছাত্রবিষয়ক উপদেষ্টা অধ্যাপক ড. মো. আজহারুল ইসলামকে। এই বিষয়ের তদন্ত কমিটির প্রধান ড. একেএম জাকির হোসেন বলেন, বুধবার মিটিং করে কর্মপক্ষ নির্ধারণ করবো। অপরাধ প্রমাণিত হলে দ্রুত সময়ে অভিযুক্তদের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয়ের নিয়মানুসারে ব্যবস্থা নেয়া হবে। উল্লেখ্য, রোববার রাতে বিশ্ববিদ্যালয়ের শহীদ জামাল হোসেন হলের ছাত্রলীগ সভাপতি দীপক হালদারকে সালাম না দেয়ার অভিযোগে প্রথম বর্ষের এক শিক্ষার্থীকে হলের ফেং কক্ষে ডেকে নিয়ে নির্যাতন করে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, **প্রকাশক :** সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।